গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, যশোর
(জুডিশিয়াল মুন্সিখানা শাখা)
www.jessore.gov.bd

## নভেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভার কার্যবিবরণী

১। সভাপতি : মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার
জেলা ম্যাজিস্ট্রেট, যশোর।

২। সভার তারিখ : ১২ নভেম্বর ২০২৩ ।

৩। সভার সময় : সকাল ১০:৩০ ঘটিকা ।

৪। সভার স্থান : সম্মেলন কক্ষ 'অমিত্রাক্ষর,' জেলা প্রশাসকের কার্যালয়, যশোর ।

৫। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

৬। উপস্থিত সকল সদস্য ও গণ্যমান্য ব্যক্তিবর্গকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতেই জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট সকলকে দুর্গাপূজার সার্বিক ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ধন্যবাদ জানানো হয়। অতঃপর জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য পুলিশ, র‍্যাব, আনসার ও বিজিবিসহ সভায় উপস্থিত সকল সদস্যদের নিকট হতে মতামত আহবান করা হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ।

৭। **আলোচ্যসূচি :** বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

৭.১। **আলোচনা :** সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, যশোর বিগত সভার সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করেন। সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভাপতি সংশ্লিষ্ট সকল দপ্তরের দৃষ্টি আকর্ষণ করলে সংশ্লিষ্ট দপ্তরসমূহ তাদের অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন। অতঃপর বিগত অক্টোবর/২০২৩ মাসের অপরাধ চিত্র সভায় উপস্থাপন করতে আহবান করলে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, যশোর তা সভায় উপস্থাপন করেন এবং সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনা করা হয়।

৭.২। **সিদ্ধান্ত :** গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন অথবা সংযোজন প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণী অনুমোদন করা হয়।

৮। **আলোচ্যসূচি :** অক্টোবর/২০২৩ মাসের অপরাধ চিত্রের তুলনামূলক বিবরণী নিম্নরূপ :

| থানার নাম | ডাকাতি | দস্যুতা | খুন | দাংগাসহ খুন | নারী নির্যাতন | | | শিশু নির্যাতন | এসিড নিক্ষেপ | অপহরণ | পুলিশ আক্রান্ত | সিঁধেল চুরি | চুরি | | | | সড়ক দুর্ঘটনা | দ্রুত বিচার | দাংগা | অন্যান্যধারাতে মামলা | উদ্ধারজনিত মামলা | | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ধর্ষণ | অন্যান্যভাবে | মানব পাচার | | | | | | গরু | গাড়ি | তার | অন্যান্য | | | | | অস্ত্র আইন | বিস্ফোরক দ্রব্য | মাদক দ্রব্য | চোরাচালান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ |
| কোতয়ালী | - | - | ২ | - | ৪ | ৪ | - | - | - | ৩ | - | - | - | ৫ | - | ৪ | ২ | - | - | ৩৫ | ৩ | - | ৪৫ | - | ১০৭ |
| চৌগাছা | - | - | - | - | - | ২ | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | ৯ | - | - | ১৩ | ১ | ২৫ |
| ঝিকরগাছা | - | - | - | - | - | - | ১ | - | - | ১ | - | - | - | - | - | ২ | ১ | - | - | ১৩ | - | - | ৯ | - | ২৭ |
| শার্শা | - | - | - | - | - | ১ | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | ৫ | ৩ | - | ১৭ | - | ২৬ |
| বেনাপোল | - | - | ১ | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | ১ | - | - | - | ২ | - | ১ | ৪২ | ৩ | ৫০ |
| মণিরামপুর | - | - | ১ | - | - | - | - | - | - | - | - | - | ১ | - | - | - | - | - | - | ১০ | - | - | ৮ | - | ২০ |
| কেশবপুর | - | - | - | - | ১ | - | - | - | - | - | - | - | - | - | - | ১ | ১ | - | - | ৮ | - | - | ৩ | - | ১৪ |
| অভয়নগর | - | - | - | - | ১ | - | ২ | - | - | ১ | - | - | - | - | - | ১ | ২ | - | - | ৫ | - | - | ৯ | - | ২১ |
| বাঘারপাড়া | - | - | - | - | - | ২ | - | - | - | - | - | - | ১ | ১ | ১ | - | - | - | - | ৬ | - | - | ৭ | - | ১৮ |
| অক্টোবর/২৩ | - | - | ৪ | - | ৬ | ৯ | ৩ | - | - | ৫ | - | - | ২ | ৬ | ১ | ৯ | ৬ | - | - | ৯৩ | ৬ | ১ | ১৫৩ | ৪ | ৩০৮ |
| সেপ্টেম্বর/২৩ | - | - | ৫ | - | ৪ | ৯ | ১ | - | - | ৬ | - | -১ | ১ | ৫ | ১ | ৫ | ৫ | - | - | ৩৮ | ৫ | ২ | ১৭০ | ৪ | ৩৩৪ |
| অক্টোবর/২২ | ২ | ১ | ৫ | | ৮ | ১১ | ১ | | | ৩ | | ১ | ১ | ৬ | | ১৩ | ২ | | | ১১৩ | ৯ | ১ | ১৫৫ | ৬ | ৩৩৮ |

| ক্রমিক নম্বর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৯ | **আইন-শৃঙ্খলা রক্ষা সংক্রান্ত :**<br>সভাপতি যশোর জেলার অপরাধ চিত্র দেখে বলেন, অক্টোবর/২০২৩ মাসে যশোর জেলার মোট মামলার সংখ্যা ৩০৮টি, যা পূর্ববর্তী মাসের চেয়ে কম। বর্তমানে যশোর জেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক রয়েছে। তিনি অপরাধ প্রবণতা হ্রাসকরণ, চলমান পরিস্থিতিতে জনগণের জানমাল রক্ষা ও গণপরিবহণ ব্যবস্থাসহ সার্বিক বিষয়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে তৎপর থাকার পরামর্শ দেন। অতঃপর তিনি বলেন, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে গঠিত সামাজিক সম্প্রীতি কমিটির সভা নিয়মিত আহবান করতে হবে। সামাজিক ব্যাধি নিমূলে সকলকে কাজ চালিয়ে যেতে বলেন। তিনি আরও বলেন, সড়ক ও মহাসড়কের সাথে সংযুক্ত ফিডার রোড সমূহেও দুর্ঘটনা রোধে স্পিড ব্রেকার নির্মাণ করার প্রয়োজন রয়েছে। সেকারণে নিজ অধিক্ষেত্রে সড়ক ও মহাসড়কের সাথে সংযুক্ত ফিডার রোড সমূহের তালিকা তৈরী করে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানান এবং মনিহার মোড়ে যাতে অবৈধভাবে দোকানপাট গড়ে উঠতে না পারে সেজন্য পুনরায় উচ্ছেদ অভিযান পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর বলেন, মনিহার চত্বর হতে অবৈধভাবে গড়ে উঠা ফলে দোকানপাট উচ্ছেদ করা হয়েছে। বর্তমানে ফলের দোকানদাররা ভ্যানে করে ফল বিক্রয় করছে। কিন্তু যশোর পৌরসভা কর্তৃক নিয়ন্ত্রিত নড়াইল বাস টার্মিনাল সংলগ্ন যশোর-ঢাকাগামী নড়াইল এক্সপ্রেস নামীয় বাস রাস্তার পাশে দাঁড়িয়ে থাকে। ফলে যানজটের সৃষ্টি হচ্ছে।<br>এ প্রসঙ্গে যশোর পৌরসভার মেয়র বলেন, নড়াইল বাস টার্মিনাল নতুনভাবে সংস্কারের কাজ চলমান আছে। উক্ত কাজ শেষ হলে নড়াইল বাসস্ট্যান্ডসহ যশোর-ঢাকাগামী বাস কাউন্টার উল্লিখিত স্থান থেকে সরে যাবে।<br>সভাপতি জনগণের স্বার্থে যানজট নিরাসনের লক্ষ্যে পুলিশ বিভাগকে ট্রাফিক আইনের মাধ্যমে নড়াইল এক্সপ্রেস বাস কাউন্ডার সরানোর জন্য নির্দেশনা প্রদান করেন।<br>জনাব মোঃ শহিদুল ইসলাম মিলন, সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, যশোর জেলা শাখা, যশোর বলেন, মাদক দ্রুততার সহিত নিয়ন্ত্রণ করার প্রয়োজন রয়েছে। যশোর পৌরসভা কর্তৃক সেন্টাল ঘোপ রোড় এলাকার ড্রেনের উপর থেকে অবৈধ স্থাপনা উচ্ছেদ করলেও বর্তমানে একটি টং ঘর গড়ে উঠেছে। উক্ত টং ঘরের ভিতরে বসে উঠতি বয়সের ছেলেরা মাদক সেবনসহ জুয়া খেলে থাকে। ঐ সকল স্থান হতে কিশোর গ্যাং সৃষ্টি হয়। ফলে অবৈধ টং ঘরটি উচ্ছেদের জন্য মেয়র, যশোর পৌরসভার দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরও বলেন, মনিহার চত্বরে যদি কোন যানবহন দাঁড়িয়ে যানজটের সৃষ্টি করে তাহলে তাদেরকে জরিমানার আওতায় আনতে হবে। দড়াটানা ব্রিজের পাশে অবস্থিত ভৈরব নদীর পাড়ে অবৈধভাবে দোকানপাট গড়ে উঠছে। | ১। যশোর জেলায় সার্বক্ষণিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে আইন-শৃঙ্খলার সাথে সংশ্লিষ্ট সবাইকে তৎপর থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক নিজ অধিক্ষেত্রে সড়ক ও মহাসড়কের সাথে সংযুক্ত ফিডার রোডসমূহের তালিকা প্রস্তুত করে দ্রুত প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩। জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে গঠিত সামাজিক সম্প্রীতি কমিটির কর্মপরিধি জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪। যশোর পৌরসভা কর্তৃক যশোর শহর যানজট মুক্তকরণ ও অবৈধ স্থাপনা উচ্ছেদসহ ঘোপ সেন্ট্রাল রোডে অবস্থিত ড্রেনের উপর গড়ে উঠা অবৈধ টং ঘর উচ্ছেদ করতঃ মোবাইল কোর্ট জোরদারভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৫। নড়াইল বাস টার্মিনালের পাশে নড়াইল এক্সপ্রেস নামীয় যানবাহনের কারণে যানজট সৃষ্টি হলে তাদের বিরুদ্ধে বিআরটিএ ও ট্রাফিক পুলিশের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, যশোর/পুলিশ সুপার, যশোর/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, যশোর/ কোম্পানী কমান্ডার, সিপিসি-৩, র‌্যাব-৬/ যুগ্ম পরিচালক, এনএসআই, যশোর/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), যশোর/জেলা শিক্ষা অফিসার, যশোর /জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, যশোর/ চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)/মেয়র, সকল পৌরসভা, যশোর/ অধ্যক্ষ/ প্রধান শিক্ষক, সকল শিক্ষা প্রতিষ্ঠান/সিভিল সার্জন, যশোর/ট্রেজারী অফিসার, যশোর/সহকারী পরিচালক, বিআরটিএ, যশোর। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, যশোর/সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, যশোর। |

| ক্রমিক নম্বর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৯ | তাছাড়া তিনি আরও বলেন, যশোর সদর উপজেলার ইছালী ইউনিয়ানের মধ্যে অবস্থিত কামারের দোকানে জুয়াখেলা হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন এবং একই সাথে কিশোর গ্যাং বন্ধ করার আহবান জানান।<br>জনাব বিনয় কৃষ্ণ মল্লিক, নির্বাহী পরিচালক, রাইটস, যশোর বলেন, আমরা মানবপাচার নিয়ে কাজ করে থাকি। কিন্তু মানবপাচার মামলা নিতে পুলিশ বিভাগ অনেক সময় অস্বীকৃতি জানায়। ফলে ভিকটিমরা ভেঙ্গে পড়ে দুস্কৃতিকারীদের বিরুদ্ধে মামলা দায়ের করতে অনাগ্রহ প্রকাশ করেন।<br>এ প্রসঙ্গে সভায় উপস্থিত জনাব বেলাল হোসাইন, অতিরিক্ত পুলিশ সুপার, যশোর জানান, জুয়া খেলা ও মাদক সেবন একটি সামাজিক ব্যাধিতে পরিণত হয়েছে। তারপরও পুলিশ জুয়াখেলা ও মাদক সেবন বন্ধের ব্যাপারে জোরালোভাবে অভিযান পরিচালনা করে যাচ্ছে। তাছাড়া তিনি বলেন, মানবপাচার মামলা দায়েরের পূর্বে পুলিশের তদন্ত করার এখতিয়ার রয়েছে। তিনি আরও বলেন, অক্টোবর/২০২৩ মাসের অপরাধ চিত্রে ০৪টি খুনের কথা উল্লেখ রয়েছে। ০৪টি খুনের মামলার আসামী ধরা পড়েছে এবং তাদের বিরুদ্ধে আদালতে চার্জশীট জমা প্রদান করা হয়েছে। ধর্ষণ মামলাগুলোর তদন্ত প্রতিবেদন আদালতে প্রেরণ করা হয়েছে। মানব পাচার মামলগুলোর তদন্ত কার্যক্রম চলমান রয়েছে এবং মাদক মামলা কমে আসছে। এছাড়াও তিনি বলেন, যশোর পৌরসভা কর্তৃক যশোর শহরের বিভিন্ন স্থানে ৯৬টি সিসিটিভি ক্যামেরা স্থাপন করা আছে। বর্তমানে সিসিটিভি ক্যামেরাগুলো অচল অবস্থায় পড়ে আছে। অপরাধ দমনের স্বার্থে সিসিটিভি ক্যামেরাগুলো মেরামত পূর্বক সচল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, যশোর পৌরসভার দৃষ্টি আকর্ষণ করেন।<br>সভায় উপস্থিত জনাব আসাদুজামান মিঠু, বিশিষ্ট ব্যবসায়ী বলেন, কোন ব্যক্তির হাতে আদর্শ বালিকা বিদ্যালয়, যশোর এর প্রধান শিক্ষক লাঞ্চিত হয়েছে, যা তদন্ত করে ব্যবস্থা নিতে হবে। তাছাড়া তিনি বলেন, সরকারি জায়গা অবৈধভাবে দখলকারীদের বিরুদ্ধে নিজেদের সচেষ্ট হতে হবে। যশোর জেলার মনিহার চত্বরে অবস্থিত নড়াইল বাস স্ট্যান্ডের পাশে নড়াইল এক্সপ্রেস নামীয় যানবহনের কারণে যানজটের সৃষ্টি হলে বিআরটিএ অফিস দিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করাসহ তাদের বিরুদ্ধে মামলা করতে হবে। তাছাড়া তিনি আরও বলেন, দ্রব্যমূল্যের (আলু, পিঁয়াজ, আদা, রসুন, কাঁচাঝাল, শুকনোঝাল ও ডিম) বাজার নিয়ন্ত্রণ করার জন্য পূর্ব হতে জেলার চাহিদা নিরূপন করে কয়েকজন ব্যবসায়ীর মাধ্যমে এলসি খুলে রাখা যায়। আগাম এলসি খুলে রাখলে প্রয়োজনের সময় বাজারে কেউ সেন্ডিকেট করে কৃত্রিম সংকট তৈরী করতে পারবে না।<br>জনাব মোঃ রবিউল ইসলাম, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, যশোর বলেন, বাজার মনিটরিং কালে দেখা যায়, চালের দাম ১/২ | ৬। কিশোর গ্যাং প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টি করে সংশ্লিষ্ট সকলের মাধ্যমে তাদের মা, বাবা বা অভিভাবকদের অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৭। ছাত্র-ছাত্রীরা স্কুল ও কলেজের ক্লাসের সময় যাতে ক্লাস বাদ দিয়ে কোচিং সেন্টারে না যেতে পারে সে বিষয়ে জেলা ও উপজেলা শিক্ষা অফিসার (সকল) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>৮। যশোর পৌরসভা কর্তৃক শহরে নির্মিত ৯৬টি সিসিটিভি ক্যামেরা সচলের ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৯। স্কুল ও কলেজের অভিভাবক সভার আলোচনায় মাদককে এজেন্ডা হিসাবে গ্রহণের বিষয়ে জেলা ও উপজেলা শিক্ষা অফিসার (সকল) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১০। সরকারি নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে নিয়মিত বাজার তদারকি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| ক্রমিক নম্বর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৯ | টাকা, ডালের দাম ১/২, পিঁয়াজ ও চিনির দাম বৃদ্ধি পেয়েছে। তাছাড়া আলু বাজারে ৫৫/- টাকা দরে বিক্রয় হচ্ছে। বর্তমানে সবজির দাম কমছে, সামনে আরও কমবে।<br>এ প্রসঙ্গে সভাপতি বলেন, বাজারে দ্রব্যমূল্যের দাম শীতকালীন সবজির আমদানীর মাধ্যমে কয়েক দিনের মধ্যে কমে আসবে এবং বর্তমান বাজার ব্যবস্থা নিয়ন্ত্রণ সরকারি নির্দেশনা অনুযায়ী চলমান কার্যক্রম অব্যাহত থাকবে।<br>এ্যাডঃ মোঃ ইস্‌হক, সভাপতি, জেলা আইনজীবী সমিতি, যশোর বলেন, মানবপাচার মামলাগুলো বিজ্ঞ পাবলিক প্রসিকিউটরের নিকট থেকে সংগ্রহ করে সভায় তুলনামূলক চিত্র উপস্থাপন করার আহবান জানান ।<br>এ প্রসঙ্গে সভাপতি বলেন, এখন থেকে বিজ্ঞ পাবলিক প্রসিকিউটরের নিকট থেকে মানবপাচার মামলার তথ্য সংগ্রহ করে সভায় উপস্থাপন করতে হবে।<br>উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, যশোর বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণে নিয়মিত মোবাইল কোর্টের মাধ্যমে অভিযান পরিচালনা করা হচ্ছে। অভিযানে নিয়মিত মামলা দায়ের করে আলামত জব্দ করা হচ্ছে।<br>সভাপতি প্রত্যেক জেলা ও উপজেলার স্কুল এবং কলেজসমূহে মাদক বিরোধী সভা করাসহ জেলা ও উপজেলা প্রশাসন এবং আইন-শৃঙ্খলা বাহিনীর সাথে সমন্বয় করে মাদকের বিরুদ্ধে পরিচালিত অভিযানের সংখ্যা ও ব্যাপকতা বৃদ্ধি করার জন্য উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের দৃষ্টি আকর্ষণ করেন।<br>জনাব মোঃ মিজানুর রহমান, সভাপতি, যশোর জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি বলেন, মাদক একটি সামাজিক ব্যাধিতে পরিণত হয়েছে। মাদকের বিরুদ্ধে সামাজিকভাবে প্রতিরোধ গড়ে তুলতে হবে এবং জেলা আইন-শৃঙ্খলা কমিটিতে আইন-শৃঙ্খলা সংক্রান্ত প্রাসঙ্গিক বিষয়ে নিয়ে আলোচনা করার আহবান জানান।<br>অধ্যক্ষ ডা. আব্দুর রাজ্জাক মিউনিসিপ্যাল কলেজ, যশোর বলেন, দিন দিন কলেজের ছেলে মেয়েরা শিক্ষা প্রতিষ্ঠানের বাইরে কোচিং সেন্টারমুখী হয়ে পড়ছে এবং কলেজ সময়ে বিভিন্ন রেস্টুরেন্ট ও পার্কে গিয়ে আড্ডা মারছে। সেকারণে তিনি ভিজিল্যান্স টিমি গঠন করে কলেজ চলাকালীন সময়ে চালুকৃত কোচিং সেন্টার বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহবান জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, অভয়নগর, যশোর বলেন, অভয়নগর উপজেলার চলিশিয়া মাধ্যমিক বিদ্যালয়, অভয়নগর, যশোর এ বেলা ২:০০ ঘটিকার সময় পরিদর্শনে গিয়ে দেখা যায় সকল শিক্ষক স্কুলে তালা বন্ধ করে দিয়ে চলে গেছেন। উক্ত বিষয়টি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে জেলা শিক্ষা অফিসারকে অবহিত করা হয়েছে। কিন্তু তাদের বিরুদ্ধে কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা এখনো পর্যন্ত জানা যায়নি। তাছাড়া তিনি আরও বলেন কোচিং সেন্টারের দৌরত্বের কারণে ছাত্র/ছাত্রীরা নিয়মিত ক্লাসে উপস্থিত হচ্ছে না।<br>এ প্রসঙ্গে সভাপতি বলেন, উল্লিখিত বিষয়টি একটি সামাজিক ব্যাধিতে পরিণত হয়েছে। এই সামাজিক ব্যাধি দূর করতে নিয়মিত অভিভাবক সভার আয়োজন করতঃ স্কুলের ক্লাসে ছাত্র/ছাত্রীর | ১১। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর মানবপাচার মামলার তথ্য প্রতিমাসের ০১ তারিখের মধ্যে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, যশোর বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১২। সামাজিক যোগাযোগ মাধ্যমে উস্কানিমূলক বা সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্টের মত পোষ্ট দেওয়া থেকে বিরত থাকার জন্য প্রচার-প্রচারণা চালাতে হবে এবং নজরদারি বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে পূর্ব থেকেই সতর্ক থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১৩। ভিজিল্যান্স টিম গঠনের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান চলাকালীন ছাত্র-ছাত্রীরা যাতে রেস্টুরেন্ট, পার্ক, রাস্তাঘাটে ঘোরাঘুরি করে সময় অতিবাহিত না করে সে বিষয়ে জেলা ও উপজেলা শিক্ষা অফিসার (সকল) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১৪। জেলা শিক্ষা অফিসার অভয়নগর উপজেলার চলিশিয়া মাধ্যমিক বিদ্যালয় বেলা ২:০০ ঘটিকায় বন্ধ পাওয়ার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক এ কার্যালয়কে অবহিত করার সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। | |

| ক্রমিক নম্বর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৯ | এ বিষয়ে আইনগত পদক্ষেপ গ্রহণ করার জন্য জেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>জনাব বেলাল হোসাইন, অতিরিক্ত পুলিশ সুপার, যশোর বলেন, প্রতিহিংসা, জেদ ও প্রেম জনিত ঘটনা থেকে খুনের ঘটনা ঘটছে। তিনি বলেন, বর্তমানে সমাজে অল্প বয়সী শিশু/কিশোরদের অপরাধের সাথে জড়িত থাকতে দেখা যাচ্ছে । সেকারণে অভিভাবক, শিক্ষক ও সংশ্লিষ্টদের এ বিষয়ে সচেতন থাকতে হবে। তিনি আরও বলেন, অপরাধ যাতে সংঘটিত না হয় সে বিষয়ে পুলিশ বিভাগ সার্বক্ষণিক তৎপর আছে এবং মনিহার চত্বরের যানজট নিরাসনের লক্ষ্যে যশোর-ঢাকাগামী নড়াইল এক্সপ্রেস নামীয় বাসের কাউন্টার নিয়মতান্ত্রিব ভাবে সরানোর ব্যবস্থা গ্রহণ করা হবে । | ১৫। যশোর শহরকে যানজট মুক্ত করার জন্য শহরের চৌরাস্তা থেকে আশ্রম মোড় পর্যন্ত সড়কটিকে মডেল সড়ক হিসাবে তৈরি করতঃ হর্ণ বাজানো নিষেধ করে রিক্সা, ইজি বাইক ও মোটর সাইকেল নির্দিষ্ট লেন ধরে সারিবদ্ধভাবে চলাচল করার প্রয়োজনীয় ব্যবস্থা যশোর পৌরসভা কর্তৃক গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১০ | **বাল্যবিবাহ প্রতিরোধ সংক্রান্ত :**<br>বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, যশোর বলেন, সম্প্রতি এ জেলায় বাল্যবিবাহ বন্ধের জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বাল্য বিবাহের সাথে জড়িত কাজীদের শাস্তির আওতায় আনা হয়েছে। তিনি বাল্যবিবাহ প্রতিরোধ করার জন্য স্কুল-মাদ্রাসার শিক্ষক ও অভিভাবকদের নিয়ে সচেতনতামূলক সভা করার পরামর্শ দেন। সে সাথে বাল্যবিবাহ প্রতিরোধ করতে জেলা শিক্ষা অফিসার ও উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশনের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধি করারও পরামর্শ প্রদান করেন। তিনি আরও বলেন, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন রোধে গঠিত কমিটিগুলোকে আরও বেশী তৎপর হতে হবে। যেসব এলাকায় বাল্য বিবাহের প্রবণতা বেশী সেখানে নজরদারী বৃদ্ধি করতে হবে। এ বিষয়ে ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে উঠান বৈঠক, সচেতনমূলক সভা আয়োজন এবং প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে এবং একই সাথে প্রতিটি ইউনিয়নে ও ওয়ার্ডে নিয়োজিত গ্রাম পুলিশগণকে বাল্যবিবাহের তথ্য প্রশাসনকে দেওয়ার জন্য সক্রিয়ভাবে কাজে লাগাতে হবে।<br>সভাপতি বলেন, বাল্যবিবাহ প্রতিরোধে আমাদের সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। তিনি এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারদের কাজ করার পরামর্শ দেন। এছাড়া জাল জন্ম নিবন্ধন সনদ তৈরী করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার আহবান জানান । | ১। বাল্যবিবাহ রোধে অবৈধ নোটারি পাবলিকের মাধ্যমে বিবাহ সংক্রান্ত অ্যাফিডেভিট প্রদানকারী আইনজীবীদের ও জন্ম সনদ জালকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। বাল্যবিবাহ পড়ানোর দায়ে কাজী ও সংশ্লিষ্ট সকলকে শাস্তির আওতায় আনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। বাল্যবিবাহ যাতে পড়ানো না হয় সে বিষয়ে প্রত্যেক মসজিদের ইমামকে সর্তকতামূলক নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে গঠিত কমিটির সভা নিয়মিতভাবে করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫। বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মামলার প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট / পুলিশ সুপার, যশোর / উপজেলা নির্বাহী অফিসার (সকল) / বিজ্ঞ পাবলিক প্রসিকিউটার, যশোর / উপ-পরিচালক, ইসলামী ফাউন্ডেশন, যশোর / জেলা শিক্ষা অফিসার, যশোর । |
| ১১ | **মাদক ব্যবসা ও সেবন রোধ সংক্রান্ত :**<br>সভাপতি মাদক নিয়ন্ত্রণের বিষয়ে উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, যশোরের দৃষ্টি আকর্ষণ করলে তিনি বলেন, অক্টোবর/ ২০২৩ মাসে মাদকের বিরুদ্ধে ১৭০টি অভিযান পরিচালনা করা হয়েছে। ১৭০টি অভিযান পরিচালনা করে ৫০টি মামলা দায়ের করা হয়েছে। তিনি শুক্রবার জুম্মার নামাজের পূর্বে প্রত্যেক মসজিদে | ১। মাদক বিরোধী অভিযানের সংখ্যা বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। মাদক চোরাচালান রোধে সীমান্তবর্তী এলাকায় বিজিবিকে তৎপর থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, যশোর / পুলিশ সুপার, যশোর / অধিনায়ক, ৪৯ বিজিবি, যশোর / কোম্পানী কমান্ডার, সিপিসি-৩, র‍্যাব-৬ / সিভিল সার্জন, যশোর / উপজেলা নির্বাহী |

| ক্রমিক নম্বর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১১ | মুসল্লিদের উদ্দেশ্যে মাদকের কুফল সম্পর্কে বক্তব্য রাখার জন্য উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, যশোরের মাধ্যমে ইমামদের প্রয়োজন নির্দেশনা প্রদানের অনুরোধ জানান। সেই সাথে যুব উন্নয়ন প্রশিক্ষণ চলাকালীন এ বিষয়ে বক্তব্য রাখার জন্য উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যশোর এবং বিদ্যালয়ে শিক্ষার্থীদের এ বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের পুনরায় নির্দেশনা দেওয়ার বিষয়ে পরামর্শ প্রদান করেন। যশোরকে মাদকমুক্ত করার ব্যাপারে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। | ৩। মাদকের প্রকোপ হতে যুব সমাজকে রক্ষার জন্য বিজিবি, পুলিশ ও র‌্যাবসহ সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪। মাদক ব্যবসা ও ব্যবহার রোধে গোয়েন্দা সংস্থা কর্তৃক নজরদারি রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৫। জুম্মার নামাজে মাদকের কুফল সম্পর্কে বক্তব্য রাখার জন্য ইমামদের নির্দেশনা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার, (সকল), যশোর /যুগ্ম-পরিচালক, এনএসআই, যশোর / ডিডি, ইসলামিক ফাউন্ডেশন, যশোর। |
| ১২ | **<u>কোভিড-১৯ ও ডেঙ্গু সংক্রমণ প্রতিরোধ সংক্রান্ত :</u>**<br>সভাপতি বলেন, যশোর জেলায় বর্তমানে করোনা সংক্রমণ নিয়ন্ত্রণে আছে। এ বিষয়ে সিভিল সার্জন, যশোরের দৃষ্টি আকর্ষণ করলে তিনি বলেন, যশোর জেলায় করোনা বৃদ্ধি পায়নি বরং দেশের অন্যান্য জেলার তুলনায় এ জেলায় করোনা ভাইরাস সংক্রমণের হার কম।<br>তাছাড়া সভাপতি ডেঙ্গু বিষয় বলেন, সাম্প্রতিক সময়ে ডেঙ্গু আতংক দেশব্যাপী বৃদ্ধি পেয়েছিল । বর্তমানে এ জেলায় ডেঙ্গু সংক্রান্তের হার কম রয়েছে।<br>এ প্রসঙ্গে সিভিল সার্জন, যশোরের প্রতিনিধি বলেন, আগামী দুই মাসের মধ্যে ডেঙ্গু সংক্রান্তের হার স্বাভাবিক হয়ে যাবে। তার পরেও তিনি সকল উপজেলা প্রশাসন এবং পৌরসভার সমন্বয়ে এডিস মশার লার্ভা ধ্বংস ও অন্যান্য ব্যবস্থা গ্রহণের আহবান জানান। এছাড়াও প্রত্যেকের নিজি নিজ আঙ্গিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখাসহ এই প্রচারণা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। | ১। ডেঙ্গু প্রবণ এলাকার উপজেলা সমূহকে পৌরসভার সমন্বয়ে এডিস মশার লার্ভা ধ্বংস ও অন্যান্য অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, যশোর/পুলিশ সুপার, যশোর/সিভিল সার্জন, যশোর/ উপজেলা নির্বাহী অফিসার, (সকল), যশোর/মেয়র, সকল পৌরসভা, যশোর/ জেলা শিক্ষা অফিসার, যশোর। |
| ১৩ | **<u>দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ সংক্রান্ত :</u>**<br>সভাপতি বলেন, দ্রব্যমূল্য সহনীয় পর্যায় রাখার জন্য বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে নিয়মিত বাজার মনিটরিং জোরদার করা হয়েছে। ফলশ্রুতিতে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে এসেছে। কোন দ্রব্য মজুদের মাধ্যমে কৃত্রিম সংকট সৃষ্টি করে মূল্য বৃদ্ধির চেষ্টা করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর আইনী ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি আরও বলেন, টিসিবি'র দ্রব্য বিক্রয় নিয়ে কোন অপপ্রচার যাতে না হয় এবং বিতরণ কালে কোন বিশৃঙ্খলা সৃষ্টি যাতে না হয় সে বিষয়ে আমাদের সকলকে সর্তক থাকতে হবে। তাছাড়া এলপিজি গ্যাস সরকার নির্ধারিত মূল্যে জনগণের নিকট বিক্রয় করার জন্য আহবান জানান। | ১। সকল নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখার লক্ষ্যে নিয়মিত বাজার মনিটরিং করতে হবে। প্রয়োজনবোধে মোবাইল কোর্ট/ অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, যশোর / পুলিশ সুপার, যশোর / কোম্পানী কমান্ডার, সিপিসি-৩, র‌্যাব-৬ / যুগ্ম পরিচালক, এনএসআই, যশোর / উপজেলা নির্বাহী অফিসার (সকল), যশোর/মেয়র (সকল) পৌরসভা, চেয়ারম্যান উপজেলা পরিষদ (সকল) / |

| ক্রমিক নম্বর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১৩ | তাছাড়া ব্যবসায়ীদের দ্রব্যমূল্যের দামের তালিকা দৃশ্যমান স্থানে টাঙ্গিয়ে রাখার জন্য বলা হয়েছে। একইভাবে উপজেলা পর্যায়ে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।<br>বাজার কর্মকর্তা বলেন, সরকারিভাবে ঘোষিত দ্রব্যমূল্যের অধিক মূল্যে কোন দ্রব্য ব্যবসায়ী কর্তৃক বিক্রয় না করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | ২। এলপিজি গ্যাস সরকার নির্ধারিত মূল্যে বিক্রির বিষয়ে নিয়মিত তদারকি এবং মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। পাইকারী পণ্যের ক্রয়ের রশিদ সংরক্ষণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি, দুর্নীতি প্রতিরোধ কমিটি, যশোর জেলা শাখা / সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, / সহকারী পরিচালক, ভাক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, যশোর / সভাপতি, এলপিজি গ্যাস বিক্রয় সমিতি, যশোর জেলা শাখা, যশোর। |
| ১৪ | **মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত :**<br>ভেজাল খাদ্যদ্রব্য নিয়ন্ত্রণ, দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখা, বাল্য বিবাহ প্রতিরোধ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও যানজট নিরসনে মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>আলোচনান্তে সভায় সভাপতি বলেন, অসাধু ব্যবসায়ীরা যাতে ফল, শাকসবজি ও মাছে ক্ষতিকারক রাসায়নিক কেমিক্যাল মিশিয়ে বাজারে বিক্রয় করতে না পারে সেদিকে বিশেষ নজর রাখার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। | ১। ভেজাল খাদ্য, দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, বাল্য বিবাহ প্রতিরোধ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ এবং যানজট নিরসনে জেলা ও উপজেলা পর্যায়ে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ভোক্তা অধিকার রক্ষায় সকলকে সতর্ক থাকতে হবে। ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃপক্ষ প্রশাসন ও পুলিশ বাহিনীর সহায়তায় মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। হোটেল ও রেস্টুরেন্টগুলোতে নির্ভেজাল ও মানসম্মত খাবার সরবরাহ নিশ্চিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত হোটেল ও রেস্টুরেন্টগুলোতে নিয়মিত অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, যশোর/ পুলিশ সুপার, যশোর / কোম্পানী কমান্ডার, সিপিসি-৩, র‍্যাব-৬, যশোর/ উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, যশোর/ বিজ্ঞ পিপি, যশোর/সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, যশোর / সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, যশোর। |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/১১/২০২৩

(মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার)
জেলা ম্যাজিস্ট্রেট
ও
সভাপতি
জেলা আইন-শৃঙ্খলা কমিটি, যশোর।
ফোন : ০২৪৭৭৭৬২৬৫২
E-mail-dcjessore@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৪১০০.০০৪.০৫.০০১.২৩.১১৮৪(৬০) তারিখ : ০৭ অগ্রহায়ণ ১৪৩০ / ২২ নভেম্বর ২০২৩

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, যশোর...........................................................................।
২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। উপ-সচিব (আইন), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ, যশোর জেলা শাখা, যশোর।

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। পুলিশ সুপার, যশোর।
২। অধিনায়ক, ৪৯ বিজিবি, যশোর ।
৩। সিভিল সার্জন, যশোর।
৪-৯। অধ্যক্ষ, সরকারী মাইকেল মধুসূদন কলেজ/সরকারী সিটি কলেজ/সরকারী মহিলা কলেজ/সরকারী টিচার্স ট্রেনিং কলেজ/ সরকারী পলিটেকনিক ইনস্টিটিউট/নতুনহাট পাবলিক কলেজ, যশোর সদর, যশোর।
১০-১৭। উপজেলা পরিষদ চেয়ারম্যান, বাঘারপাড়া/অভয়নগর/মণিরামপুর/কেশবপুর/ঝিকরগাছা/শার্শা/চৌগাছা/যশোর সদর, যশোর।
১৮-২১। অতিরিক্ত পুলিশ সুপার, ক-সার্কেল / খ-সার্কেল/ সিনিয়র এএসপি নাভারণ সার্কেল/ এএসপি মণিরামপুর সার্কেল, যশোর।
২২-২৯। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া/অভয়নগর/ঝিকরগাছা/মণিরামপুর/কেশবপুর/শার্শা/চৌগাছা, যশোর সদর, যশোর।
৩০-৩৭। মেয়র/প্রশাসক, বাঘারপাড়া/নওয়াপাড়া/মণিরামপুর/কেশবপুর/ঝিকরগাছা/বেনাপোল/চৌগাছা/যশোর পৌরসভা, যশোর।
৩৮। জেলা শিক্ষা অফিসার, যশোর।
৩৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, যশোর।
৪০। কোম্পানী কমান্ডার, সিপিসি-৩, র‍্যাব-৬, যশোর।
৪১। যুগ্ম-পরিচালক, এনএসআই, যশোর।
৪২। জেলা মৎস অফিসার, যশোর।
৪৩-৪৬। উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/সমাজ সেবা অধিদপ্তর / মহিলা বিষয়ক অধিদপ্তর/ ইসলামিক ফাউন্ডেশন, যশোর।
৪৭। সিনিয়র তত্ত্বাবধায়ক, যশোর কেন্দ্রীয় কারাগার, যশোর।
৪৮। পরিচালক, বিএসটিআই, খুলনা জোন, খুলনা ।
৪৯। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, যশোর ।
৫০। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, যশোর।
৫১। উপ মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, যশোর।
৫২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, যশোর।
৫৩। সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, যশোর সার্কেল, যশোর।
৫৪। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, যশোর ।
৫৫। সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, যশোর।
৫৬। সভাপতি, জেলা আইনজীবী সমিতি, যশোর।
৫৭। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, যশোর।
৫৮। সভাপতি, প্রেসক্লাব, যশোর।
৫৯। জনাব তন্দ্রা ভট্টাচার্য্য, সাধারণ সম্পাদক, বাংলাদেশ মহিলা পরিষদ, যশোর জেলা শাখা, যশোর।
৬০। জনাব বিনয়কৃষ্ণ মল্লিক, নির্বাহী পরিচালক, রাইটস, যশোর।
৬১। জনাব মোঃ মিজানুর রহমান, প্রভাষক, ছাতিয়ানতলা ইউনাইটেড কলেজ, বাঘারপাড়া, যশোর।
৬২। জনাব সন্তোষ দত্ত, সভাপতি, বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ, যশোর জেলা শাখা, যশোর।
৬৩। জনাব মোঃ মিজানুর রহমান, বিশিষ্ট সমাজকর্মী ও সভাপতি, যশোর জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, যশোর।
৬৪। জনাব আসাদুজামান মিঠু, পিতা : মৃত নুরুল ইসলাম, সাং : চাঁচড়া রায়পাড়া ও ব্যবসায়ী প্রতিনিধি, যশোর ।
৬৫। ..........................................................
৬৬। অফিস নথি।

22/11/2023

জেলা ম্যাজিস্ট্রেট
ও
সভাপতি
জেলা আইন-শৃঙ্খলা কমিটি, যশোর ।

পরিশিষ্ট "ক"

**জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যগণের তালিকা:**

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

সভার তারিখ: ১২ নভেম্বর ২০২৩ সময়: সকাল ১০.৩০ ঘটিকা।

| ক্রঃ নং | সদস্যবৃন্দের নাম | পদবি ও ঠিকানা |
|---|---|---|
| ১ | জনাব বেলাল হোসাইন | অতিরিক্ত পুলিশ সুপার, যশোর |
| ২ | জনাব ডা. মোঃ নাজমুস সাদিক | ডেপুটি সিভিল সার্জন, যশোর |
| ৩ | জনাব মোঃ মাসুদ রানা | সহকারী পরিচালক, ৪৯ বিজিব, যশোর |
| ৪ | জনাব মোঃ শাহাদাৎ হোসেন | সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর |
| ৫ | জনাব অমল কুমার বিশ্বাস | অধ্যক্ষ, যশোর সরকারি মহিলা কলেজ, যশোর |
| ৬ | জনাব অমলেন্দু বিশ্বাস | অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), যশোর সরকারি সিটি কলেজ, যশোর |
| ৭ | জনাব মোঃ হারুন-অর-রশিদ | অধ্যক্ষ, সরকারি টিচার্চ ট্রেনিং কলেজ, যশোর |
| ৮ | প্রকৌশলী জি. এম. আজিজুর রহমান | অধ্যক্ষ, যশোর পলিটেকনিক ইনস্টিটিউট, যশোর |
| ৯ | জনাব মোঃ হায়দার গণি খান পলাশ | মেয়র, যশোর পৌরসভা, যশোর |
| ১০ | জনাব মোঃ কামরুজ্জামান | মেয়র, বাঘারপাড়া পৌরসভা। |
| ১১ | জনাব মোঃ কাজী মাহমুদুল হাসান | মেয়র, মণিরামপুর পৌরসভা, যশোর |
| ১২ | জনাব অনুপ দাশ | উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর |
| ১৩ | জনাব ইরুফা সুলতানা | উপজেলা নির্বাহী অফিসার, চৌগাছা, যশোর |
| ১৪ | জনাব হোসনে আরা তান্নি | উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর |
| ১৫ | জনাব কে.এম.আবু নওশাদ | উপজেলা নির্বাহী অফিসার, অভয়নগর, যশোর |
| ১৬ | জনাব জাকির হোসেন | উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোর |
| ১৭ | জনাব এম. এম. আরাফাত হোসেন | উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর |
| ১৮ | জনাব মোঃ মাহবুবুল হক | উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর |
| ১৯ | জনাব নারায়ন চন্দ্র পাল | উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর |
| ২০ | মেজর, সাকিব | কোম্পানী কমান্ডার, সিপিসি-৩, র‍্যাব-৬, যশোর |
| ২১ | জনাব সনজয় কুমার সাহা | জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, যশোর |
| ২২ | জনাব কবির আহম্মদ | যুগ্ম-পরিচালক, এন.এস.আই, যশোর |
| ২৩ | জনাব মোঃ মাহফুজুল হোসেন | জেলা শিক্ষা অফিসার, যশোর |
| ২৪ | জনাব বিল্লাল বিন কাশেম | উপ-পরিচালক, ইসলামী ফাউন্ডেশন, যশোর |
| ২৫ | জনাব মোঃ আনিছুর রহমান | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, যশোর |
| ২৬ | জনাব অসিত কুমার সাহা | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, যশোর |
| ২৭ | জনাব মোঃ আসলাম হোসেন | উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিপ্তর, যশোর |
| ২৮ | জনাব এস এম মাহফুজুর রহমান | সহকারী পরিচালক, বিআরটিএ, যশোর |
| ২৯ | জনাব সুরাইয়া আক্তার | সিনিয়র জেলা সুপার, যশোর কেন্দ্রীয় কারাগার |
| ৩০ | জনাব এ্যাডঃ মোঃ ইস্হক | সভাপতি, জেলা আইনজীবী সমিতি, যশোর |
| ৩১ | জনাব এ্যাডঃ মোঃ ইদ্রিস আলী | বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, যশোর |
| ৩২ | জনাব জাহিদ হাসান টুকুন | সভাপতি, প্রেসক্লাব, যশোর |
| ৩৩ | জনাব মোঃ শহিদুল ইসলাম মিলন | সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, যশোর জেলা শাখা |
| ৩৪ | জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন | অধ্যক্ষ, নতুনহাট পাবলিক কলেজ, যশোর (বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট মহোদয় কর্তৃক মনোনিত প্রতিনিধি) |
| ৩৫ | জনাব মোঃ মিজানুর রহমান | সভাপতি, যশোর জেলা দূর্নীতি প্রতিরোধ কমিটি |
| ৩৬ | জনাব বিনয় কৃষ্ণ মল্লিক | নির্বাহী পরিচালক, রাইটস, যশোর (বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট মহোদয় কর্তৃক মনোনিত প্রতিনিধি) |
| ৩৭ | জনাব মোঃ মিজানুর রহমান | প্রভাষক, ছাতিয়ানতলা ইউনাইটেড ডিগ্রী কলেজ (বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট মহোদয় কর্তৃক মনোনিত প্রতিনিধি) |
| ৩৮ | জনাব আবদুল কাইউম | উপ মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, যশোর |
| ৩৯ | জনাব সৈয়দা তামান্না তাসনীন | সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, যশোর |
| ৪০ | জনাব মোঃ রবিউল ইসলাম | সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, যশোর |
| ৪১ | জনাব আরিফ মাহমুদ | উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, যশোর |

| ক্রঃ নং | সদস্যবৃন্দের নাম | পদবি ও ঠিকানা |
|---|---|---|
| ৪২ | জনাব মোঃ শরিফুল ইসলাম | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, যশোর |
| ৪৩ | জনাব আসাদুজামান মিঠু | বিশিষ্ট ব্যবসায়ী প্রতিনিধি |
| ৪৪ | জনাব মুনা আফরিন | জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, যশোর |

পরিশিষ্ট "খ"

**জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ**

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

সভার তারিখঃ ১২ অক্টোবর ২০২৩ সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা।

| ক্রঃ নং | সদস্যবৃন্দের নাম | সদস্যবৃন্দের পদবি ও ঠিকানা |
|---|---|---|
| ১ | জনাব মোস্তফা ফরিদ আহমেদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, যশোর সদর, যশোর |
| ২ | ড. মোঃ মোস্তানিছুর রহমান | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর |
| ৩ | জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর |
| ৪ | জনাব শাহ ফরিদ জাহাঙ্গীর | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, অভয়নগর, যশোর |
| ৫ | জনাব নাজমা খাতুন | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনিরামপুর, যশোর |
| ৬ | জনাব কাজী মোঃ রফিকুল ইসলাম | বীর মুক্তিযোদ্ধা ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর |
| ৭ | জনাব মোঃ মনিরুল ইসলাম | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর |
| ৮ | জনাব মোঃ সিরাজুল হক | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শার্শা, যশোর |
| ৯ | জনাব নূর উদ্দীন আল মামুন হিমেল | মেয়র, চৌগাছা পৌরসভা, যশোর |
| ১০ | জনাব সুশান্ত কুমার দাস | মেয়র, নওয়াপাড়া পৌরসভা, অভয়নগর, যশোর |
| ১১ | জনাব মোঃ রফিকুল ইসলাম | মেয়র, কেশবপুর পৌরসভা, যশোর |
| ১২ | জনাব মোস্তফা আনোয়ার পাশা | মেয়র, ঝিকরগাছা পৌরসভা, যশোর |
| ১৩ | জনাব মোঃ নাসির উদ্দীন | মেয়র, বেনাপোল পৌরসভা, যশোর |
| ১৪ | জনাব জুয়েল ইমরান | অতিরিক্ত পুলিশ সুপার, "ক" সার্কেল, যশোর |
| ১৫ | জনাব মুকিত সরকার | অতিরিক্ত পুলিশ সুপার, "খ" সার্কেল, যশোর |
| ১৬ | জনাব নিশাত আল নাহিয়ান | সিনিয়র এএসপি, নাভারণ সার্কেল, যশোর |
| ১৭ | জনাব আশেক সুজা মামুন | এএসপি, মনিরামপুর সার্কেল, যশোর |
| ১৮ | জনাব সরকার মুহাম্মদ রফিকুল আলম | জেলা মৎস্য কর্মকর্তা, যশোর |
| ১৯ | জনাব তন্দ্রা ভট্টাচার্য্য | বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট মহোদয় কর্তৃক মনোনিত প্রতিনিধি (সাধারণ সম্পাদক, বাংলাদেশ মহিলা পরিষদ, যশোর শাখা) |
| ২০ | জনাব সন্তোষ দত্ত | বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ, যশোর শাখার প্রতিনিধি |
| ২১ | জনাব এস. এম নূর-ই-আলম | সহকারী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, যশোর |

=০=